Total No. of Printed Pages—8

**2 SEM TDC BNLN (CBCS) DSC 2 (A/B)**

**2022**

( June/July )

# BENGALI

( Discipline Specific Course )

Paper : DSC–2

*Full Marks* : 80

*Pass Marks* : 32

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

**প্রথম পত্র**

Paper : DSC–2 (A)

**( বাংলা ভাষা ও সাহিত্য পরিচয় )**

**১ম একক**

**( ধ্বনি প্রকরণ )**

১। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) স্বরধ্বনি / ব্যঞ্জনধ্বনি হল অক্ষরের মূল বা কেন্দ্র। ( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

(খ) তালব্য ধ্বনি (Palatal sound) র একটি উদাহরণ দাও।

(গ) বাংলার একজন প্রবীণ ভাষাতত্ত্ববিদের নাম লেখ।

(ঘ) বাক্স > বাস্ক।

( ধ্বনি পরিবর্তনের কোন্ ধারায় এই পরিবর্তন সাধিত হয়েছে ? )

(ঙ) একটি সঙ্কর শব্দ (hybrid word)-এর উদাহরণ দাও।

২। উদাহরণ দিয়ে সংজ্ঞা নির্দেশ কর (যে কোনো দুটি) : ৩×২=৬

আদিস্বরাগম ; অভিশ্রুতি ; উষ্মীভবন ; জোড়কলম শব্দ।

৩। ধ্বনি পরিবর্তনের কারণগুলো উদাহরণসহ আলোচনা কর। ১০

*অথবা*

স্বরধ্বনির রূপান্তরের যে প্রক্রিয়াগুলো রয়েছে, ব্যঞ্জনধ্বনির রূপান্তরে তেমনি কিছু প্রক্রিয়া আছে—উদাহরণ সহযোগে উক্ত দুটি ধ্বনির রূপান্তর প্রক্রিয়া আলোচনা কর।

## ২য় একক

## ( শব্দার্থতত্ত্ব )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) শব্দার্থতত্ত্বকে কে প্রথম সৃজনমূলক ভাষাবিজ্ঞানের পরিধিতে আলোচনা করেছেন ?

(খ) রূপগত বিচারে বাংলায় কারক কয়টি ?

(গ) ঘটমান বর্তমান কালের একটি উদাহরণ দাও।

(ঘ) 'বিবাহ' শব্দের মূল অর্থ কী ?

(ঙ) দশ আনন যার = দশানন—এটি কোন্ সমাসের উদাহরণ ?

(চ) ঘর + আমি = ঘরামি—কোন্ প্রত্যয়ের উদাহরণ ?





৫। সংক্ষেপে লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

(ক) অর্থসংকোচ (reduction of meaning)

(খ) কর্মধারয় সমাস

(গ) কৃৎ প্রত্যয় ও তদ্ধিত প্রত্যয়ের পার্থক্য

৬। অর্থ পরিবর্তনের সূক্ষ্ম কারণগুলি উদাহরণসহ আলোচনা কর। ১০

*অথবা*

প্রত্যয় কী ? বাংলা শব্দ গঠনে প্রত্যয়ের প্রয়োজনীয়তা বিশদভাবে ব্যাখ্যা কর।

## ৩য় একক

## ( ভাষার রূপ প্রক্রিয়া )

৭। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) বাংলা ভাষায় উপসর্গ _____ প্রকার।

( শূন্যস্থান পূর্ণ কর )

(খ) অনুসর্গ ও বিভক্তির মধ্যে মিল রয়েছে— হ্যাঁ / না।

( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

(গ) উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু _____ আছে।

( শূন্যস্থান পূর্ণ কর )

(ঘ) একটি ভাববাচ্যের বাক্য সাজাও।

(ঙ) ভাষায় সাধারণত কর্তৃবাচ্যের / কর্মবাচ্যের ব্যবহার বেশি।

( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

৮। টীকা লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

অনুসর্গের বৈশিষ্ট্য ; সংস্কৃত উপসর্গ ; বাচ্যের প্রকারভেদ।

৯। উপসর্গের প্রকারভেদ কয়টি ও কী কী? বিদেশী উপসর্গের উদাহরণযোগে একটি আলোচনা তুলে ধর। ১০

*অথবা*

কর্মবাচ্য ও ভাববাচ্যের সংজ্ঞা নির্দেশ করে তাদের বৈশিষ্ট্যগুলো আলোচনা কর।

## ৪র্থ একক

### ( বাংলা অলঙ্কার )

১০। নির্দেশ অনুযায়ী উত্তর দাও (যে কোনো চারটি) : ১×৪=৪

(ক) যমক কী ধরনের অলঙ্কার?

(খ) “[illegible]ায়ে কাঁপিছে কাতর কপোত”— কী অলঙ্কার?

(গ) উৎপ্রেক্ষা অলঙ্কারের একটি প্রকারভেদ হল ______ ।
( বাচ্য উৎপ্রেক্ষা / ভাব উৎপ্রেক্ষা )
( শুদ্ধ উত্তরটি বেছে নাও )

(ঘ) উপমেয়কে উপমানের চেয়ে উৎকৃষ্ট বা নিকৃষ্ট করে দেখালে ______ অলঙ্কার হয়।
( শূন্যস্থান পূর্ণ কর )

(ঙ) ‘বাংলা অলঙ্কার’ গ্রন্থটির রচয়িতা কে?

১১। টীকা লেখ (যে কোনো দুটি) : ৩×২=৬

অনুপ্রাস ; ব্যাজস্তুতি ; ব্যতিরেক।

১২। যমক অলঙ্কার বলতে কী বোঝ? যমক অলঙ্কারের প্রকারভেদ উল্লেখ করে উদাহরণ দিয়ে বিস্তৃতভাবে বুঝিয়ে দাও। ১০

*অথবা*

সাহিত্যে অলঙ্কারের প্রয়োজনীয়তা কোথায়? প্রসঙ্গত শব্দালঙ্কার ও অর্থালঙ্কারের ব্যবহারিক বৈচিত্র্য উদাহরণ সহযোগে তুলে ধর।





## Paper : DSC–2 (B)

### ( বাংলা পদ্য সাহিত্য ও লোকসংস্কৃতি )

## ১ম একক

### ( বৈষ্ণব সাহিত্য )

১। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) চৈতন্যজীবনীর আদিগ্রন্থ কে রচনা করেন?

(খ) বৃন্দাবনদাস কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?

(গ) বৃন্দাবনদাসের সর্বপ্রথম রচিত চৈতন্য-জীবনীকাব্যের নাম কী ছিল?

(ঘ) ‘চৈতন্যভাগবত’ কয়টি খণ্ডে বিভক্ত?

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) বৃন্দাবনদাসের জন্মবৃত্তান্ত সংক্ষেপে লেখ।

(খ) চৈতন্যদেব গয়াধামে গিয়ে কৃষ্ণপ্রেমে ও তাঁর বিরহে ব্যাকুল হন, বর্ণনা কর।

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) বৃন্দাবনদাসকে কেন ‘চৈতন্যলীলার ব্যাস’ বলা হয় তা লেখ।

(খ) শ্রীচৈতন্যের সন্ন্যাসগ্রহণ ও নানা তীর্থস্থানে ভ্রমণের কাহিনি বর্ণনা কর।

## ২য় একক

( মঙ্গলকাব্য : ভারতচন্দ্রের অন্নদামঙ্গল—দেবখণ্ড )

৪। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) ভারতচন্দ্র কোন্ কাব্য রচনার জন্য অমর হয়ে আছেন?

(খ) ভারতচন্দ্রের পিতা কোন্ রাজার দ্বারা সর্বস্বান্ত হয়েছিলেন?

(গ) 'অন্নদামঙ্গল' প্রধানত কয়টি খণ্ডে বিভক্ত?

(ঘ) ভারতচন্দ্রের পূর্বপুরুষরা কি সূত্রে 'রায়' উপাধি পান?

৫। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের মধ্য দিয়ে তৎকালীন বাংলাদেশের সমাজ ও মানুষের বাস্তব ছবি ফুটে উঠেছে। বর্ণনা কর।

(খ) 'দেবখণ্ড' অবলম্বনে মহাদেব চরিত্রটি বর্ণনা কর।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের পরিচয় দিয়ে এই কাব্যের বৈশিষ্ট্য উল্লেখ কর।

(খ) ভারতচন্দ্রের কবিকৃতির পরিচয় দাও।





## ৩য় একক

( ময়মনসিংহ গীতিকা )

৭। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'ময়মনসিংহ গীতিকা'য় মোট কতগুলি পালা আছে?

(খ) 'চন্দ্রাবতী' পালার নায়ক কে?

(গ) 'মলুয়া' পালাটি কোন্ কবির রচনা?

(ঘ) "প্রভাতকালে আইলাম আমি পুষ্প তুলিবারে।
বাপেত করিব পূজা শিবের মন্দিরে॥"
পংক্তিটি কোন্ পালা থেকে গৃহীত?

৮। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) 'চন্দ্রাবতী' চরিত্রের ট্র্যাজেডি বর্ণনা কর।

(খ) 'মলুয়া' পালার মলুয়া সতী এবং পরম বুদ্ধিমতী তা আলোচনা কর।

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) 'ময়মনসিংহ গীতিকা' অবলম্বনে কঙ্ক ও লীলাবতীর প্রেম-কাহিনি বর্ণনা কর।

(খ) 'মলুয়া' গীতিকাটির মধ্য দিয়ে যে সামাজিক ও অর্থনৈতিক জীবনের চিত্র ফুটে উঠেছে তা বিশ্লেষণ কর।

## ৪র্থ একক

### ( বাংলার লোকগান )

১০। অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৪=৪

(ক) 'বাউল' সম্প্রদায়ের উপজীবিকা কী?

(খ) প্রাথমিকভাবে ঝুমুরকে কয়ভাগে ভাগ করা যায়?

(গ) টুসু গানের উৎসস্থলের নাম লেখ।

(ঘ) ভাদু উৎসব কোন্ মাসে পালিত হয়?

১১। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো একটি) : ৫

(ক) ঝুমুর গানের বিশেষত্ব কী? ঝুমুর গানের যে নানা বৈচিত্র্য রয়েছে তা তুলে ধর।

(খ) বাউল লালন ফকিরের সংক্ষিপ্ত পরিচয় দাও।

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১১

(ক) ভাওয়াইয়া মূলত বাংলাদেশের রংপুর, পশ্চিমবঙ্গের কোচবিহার ও আসামের গোয়ালপাড়ার প্রচলিত একপ্রকার পল্লীগীতি। এই ভাওয়াইয়া গানের মধ্য দিয়ে স্থানীয় সংস্কৃতি, জনগণের জীবনযাত্রা ও পারিবারিক ঘটনাবলীর যে চিত্র পাওয়া যায় তা উল্লেখ কর।

(খ) সারি ও জারি গানের উৎস, ইতিহাস ও বিশেষত্ব আলোচনা কর।

★★★